তারিখঃ- ০৭/০৫/২০১৮ইং

নির্বাহী কমিটির (২০১৮-২০১৯) ৪র্থ সভার কার্যবিবরণী ঃ

উত্তরা কল্যাণ সমিতি সেক্টর-৪ এর (২০১৮-২০১৯) নির্বাহী কমিটির ৪র্থ সভা গত ০৬ এপ্রিল ২০১৮ ইং রোজ শুক্রবার সকাল ৯.৩০ ঘটিকায় সমিতির কার্যালয়ে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন মেজর (অবঃ) আনিছুর রহমান। সভায় নির্বাহী কমিটির ১৭ জন সদস্য উপস্থিত ছিলেন। সর্বজনাব কামাল হোসেন, নাসির জামিল, সোহাগ হোসেন ও সহিদ সরওয়ার অনুপস্থিত ছিলেন।

১.০ পবিত্র কোরআন থেকে তেলাওয়াত ও তর্জমা করেন নির্বাহী সদস্য লে.কর্ণেল (অবঃ) মোহাম্মদ হোসাইন।

২.০ সভাপতি মহোদয়ের সূচনা বক্তব্য ঃ

সভাপতি মহোদয় কোরআন তেলাওয়াতের জন্য নির্বাহী সদস্য লে.কর্ণেল (অবঃ) মোহাম্মদ হোসাইনকে ধন্যবাদ জানান। তিনি সভায় উপস্থিত সকলকে সঠিক পথে থেকে স্ব-স্ব দায়িত্ব পালনের কথা বলেন। তিনি বলেন, আমরা যে অধ্যায় শুরু করেছি তা প্রায় চার মাস শেষ হওয়ার পথে কিন্তু এখনও অনেক কাজ বাকি। সেক্টরবাসী অনেক আস্থা নিয়ে আমাদেরকে পূর্ণ প্যানেলে জয়ী করেছেন। তাই আমরা তাদের প্রত্যাশা পূরণে সদা সচেষ্ট থাকব। আমরা স্বেচ্ছায় এসেছি সেক্টরবাসীর নিরাপদ ও সুন্দর জীবন যাপনে কিছু কাজ করার জন্য। আমাদের দায়বদ্ধতা আমাদের বিবেকের কাছে। আমরা চেষ্টা করব মাসের এই প্রতিটি সভায় আরও কিছুটা সময়মত আসার জন্য এবং ভবিষ্যতে এ ব্যাপারে আরও সচেষ্ট থাকবো।

৩.০ **সাধারণ সম্পাদক কর্তৃক বিগত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন, আলোচনা ও অনুমোদন:**

সভাপতি মহোদয় বলেন বর্তমান সভার কার্যবিবরণী পরবর্তী মাসের মিটিং শুরুর অন্তত দুইদিন আগে সকলের কাছে দিতে হবে। যেহেতু এটা গতকালই সকলকে পাঠানো হয়েছে। আশাকরি আপনারা পেপারগুলি পড়ে এসেছেন। সুতারাং এটা পঠিত বলে গন্য হয় এবং সভায় অনুমোদিত হয়।

৪.০ **কোষাধ্যক্ষ কর্তৃক মার্চ-১৮ মাসের হিসাব বিবরণী উপস্থাপন:**

প্রকৃত আয়ঃ		
মাসিক সার্ভিস চার্জ	:	১২,৬৪,৬০০ /-
বাৎসরিক চাঁদা	:	১৯০০০/-
রক্ষণাবেক্ষণ ফিঃ		
মাঠ,পার্ক ফি	:	৬৫,৭০০/-
একাডেমী	:	২,৪৭,৬০০/-
সর্বমোটঃ	:	১৫,৯৬,৯০০/-
প্রকৃত ব্যয়ঃ		
বেতন ভাতা	:	১২,০৬,৮৯০/-
ছাপা ও মনোহারী	:	১১,৫৬৪ /-
আসবাব পত্র ও যন্ত্রপাতি ক্রয়	:	২১,৭৮০/-
মেরামত ও রক্ষণাবেক্ষণ	:	১৭,৩৮৫/-
পরিচালনা ব্যয়	:	৩৯,৭৮৬/-
পোশাক পরিচ্ছেদ	:	২৫,৬০০/-

নিরাপত্তা কমান্ডার ঃ০১৯২২১১৫৯০১,বর্জ্য অপসারণ০১৯২২১১৫৯০৬, হিসাব রক্ষকঃ ০১৯২২১১৫৯০৭, হিসাব সহকারী ০১৯২২১১৫৯০৮, অফিস সহকারী ০১৯২২১১৫৯০৩, বিল কালেক্টরঃ ০১৯২২১১৫৯০৯, ০১৯২২১১৫৯১০, ০১৯২২১১৫৯১১, ০১৯২২১১৫৯১২, কল সেন্টার ঃ ০৯৬৬৬৭৭৭২২২, E-mail:ukss490@gmail.com, www.facebook.com/uttara kallyan samity sector-4. www.uks4.org

উত্তরা কল্যাণ সমিতি সেক্টর-৪
সড়ক নং-৬/এ, উত্তরা মডেল টাউন ঢাকা।
সভাপতি ঃ মেজর (অবঃ) আনিছুর রহমান, সাধারণ সম্পাদক ঃ কামাল হোসেন

ইউটিলিটি ব্যয়	:	৮৫,৪৫৩/-
সভা ও অনুষ্ঠান	:	১,৩৩,৩৩১/-
স্বাস্থ্যসেবা ও তহবিল	:	১১,৭৪০/-
বিভিন্ন উন্নয়ন খাতে ব্যয়	:	২,৯৭,৫২০/-
সর্বমোটঃ	:	**১৮,৫১,০৪৯/-**
প্রারম্ভিক স্থিতি	:	**৭৮,৯২,৮১৩/-**
সমাপনী স্থিতি	:	**৭৬,৩৮,৬৬৪/-**
আয় অতিরিক্ত ব্যয়	:	**২,৫৪,১৪৯/-**

হিসাব বিবরণীতে FDR এর টাকা ৫০ লক্ষ শুনে সভাপতি সাহেব পরবর্তী মেয়াদ (FDR এর মেয়াদ) পূর্ণ হবার আগে অন্য প্রতিষ্ঠানে যে বাড়তি হারে সুদে টাকা রাখা যায় তার খোঁজ নিতে বললেন। তিনি আরোও বলেন বিষয়টি সম্পর্কে কোষাধ্যক্ষ/হিসাবরক্ষক ব্যাংকের লিখিত বক্তব্য সংগ্রহ করবেন। যদি দেখা যায় পূর্বের হারে সুদ প্রদান করা হচ্ছে তবে ব্যাংক কে বলতে হবে বর্তমান হারে সুদ প্রদান করবেন কি না। সিদ্ধান্ত হয়, যদি সেটা সম্ভব না হয় তবে সমিতি এফ ডি আর উইথড্র করে অন্য ব্যাংকে চলে যাবে। Office Expenses, Stationery etc ব্যাপারে আলোচনা হয়েছে এবং সঠিক ভাবে খরচ হচ্ছে কি না তা আর্থিক সাব কমিটি এটা দেখে নিরুপন করবেন এবং পর্যবেক্ষণ থাকলে তা আগামী মাসিক নির্বাহী কমিটির সভায় উপস্থাপন করবেন।

অফিসের পেটি ক্যাশ ছাড়া অফিসে অতিরিক্ত যে কোন টাকা উত্তরা কল্যাণ সমিতি সেক্টর-৪ এর ট্রেজারের দায়িত্বে থাকবে। মিসেস নাজমুন নাহার বলেন যেহেতু অফিসে টাকা রাখার কোনো ব্যবস্থা নেই সেহেতু টাকা ট্রেজারার সাহেব যেনো বাসায় নিয়ে যান। ট্রেজারার সাহেব অফিসে টাকা নিরাপদে রাখার জন্য একটি ভালো আয়রণ সেফ কেনার প্রস্তাব করেন। আয়রন সেফের একাধিক চাবি ব্যবহার করতে বললেন মিসেস নাজমুন নাহার, একটি চাবি থাকবে ট্রেজারারের কাছে আর দুটি চাবি থাকবে হিসাবরক্ষকের কাছে। তিনটি চাবি একত্রে ছাড়া সেফ খোলা যাবে না।

৫.০ **সার্ভিস চার্জ আদায় সম্পর্কে আলোচনাঃ**

প্রতি মাসেই আয়ের চেয়ে ব্যয় বেশি হয়ে যাচ্ছে। গত দুই মাসে আয়ের তুলনায় ব্যয় বেশি হয়েছে। এভাবে খরচ বাড়তে থাকলে আয়ও বাড়াতে হবে। প্রতিটি অনুষ্ঠানেই বাজেটের চেয়ে ৩০-৪০ হাজার টাকা বাড়তি ব্যয় করতে হচ্ছে। সমিতির হাতে আরও অনেক উন্নয়ন মূলক পরিকল্পনা আছে যা নরমাল রেভিনিউ দিয়ে কুলাবে না কারণ প্রশাসনিক খরচেই মাসে ৮ লক্ষের চেয়েও বেশি টাকা খরচ হচ্ছে। ডেভেলেপার, সার্ভিস প্রোভাইডার এবং সকল প্রকার সার্ভিস চার্জের পরিমাণ ও আওতা বাড়িয়ে এই খরচকে ম্যানেজ করা ছাড়া সমিতির আর কোন বিকল্প নেই।

নিরাপত্তা কমান্ডার ঃ০১৯২২১১৫৯০১,বর্জ্য অপসারণ০১৯২২১১৫৯০৬, হিসাব রক্ষকঃ ০১৯২২১১৫৯০৭, হিসাব সহকারী ০১৯২২১১৫৯০৮, অফিস সহকারী ০১৯২২১১৫৯০৩, বিল কালেক্টরঃ ০১৯২২১১৫৯০৯, ০১৯২২১১৫৯১০, ০১৯২২১১৫৯১১, ০১৯২২১১৫৯১২, কল সেন্টার ঃ ০৯৬৬৬৭৭৭২২২, E-mail:ukss490@gmail.com, www.facebook.com/uttara kallyan samity sector-4. www.uks4.org

উত্তরা কল্যাণ সমিতি সেক্টর-৪
সড়ক নং-৬/এ, উত্তরা মডেল টাউন ঢাকা।
সভাপতি ঃ মেজর (অবঃ) আনিছুর রহমান, সাধারণ সম্পাদক ঃ কামাল হোসেন

৬.০ **২০১৮ সালের প্রস্তাবিত বাজেট সম্পর্কে আলোচনাঃ**

২০১৮ সালের প্রস্তাবিত বাজেট উপস্থাপনের অনুমোদনের জন্য, বিশেষ সাধারণ সভায় অনুমোদন দেয়া হলো। আজকের তারিখে ১৪ দিন আগে সকলকে চিঠি দিতে হবে। ২১ তারিখে বিশেষ সাধারণ সভা হচ্ছে তার ভিতরে বাজেট উপস্থাপন হবে। ২১ তারিখে বাজেট সভায় গঠণতন্ত্রের সংশোধন আনা যাবে কি? ছোট বড় বিভিন্ন মাপের সংশোধন আছে যে গুলো বিশেষ সাধারণ সভায় আনতে হবে, এইবার না আনলেও পরবর্তীতে একটি বিশেষ সাধারণ সভা করতে হবে। সভাপতি মহোদয় বলেন বাজেট নিয়ে একটি আলাদা সভা করতে হবে। সভায় এই সিদ্ধান্ত গৃহীত হলো যে ২১শে এপ্রিলের সভায় কেবল মাত্র বাজেট নিয়েই আলোচনা হবে কারণ এটাই এই মুহূর্তে সব চেয়ে গুরুত্বপূর্ণ ইস্যু। তাই বাজেটের চিঠি ছেড়ে দিতে হবে এবং সংশোধনী পরে দেখা যাবে। বাজেট বিষয়ে একক সভা হবে এপ্রিল মাসের ১৫ বা ১৬ তারিখে।

৭.০ **১লা বৈশাখ উদযাপন সম্পর্কে আলোচনা ঃ**

সভাপতি মহোদয় সমিতি এবং অন্য দুটি সংগঠনের দু'জন করে সদস্য নিয়ে একটি সমন্বয় সভা আজ রাত সাড়ে আটটার মধ্যে করার জন্য সহ-সভাপতি জনাব মো: হারুণ-অর-রশিদকে দায়িত্ব দেন। এতে করে বর্ষবরণ অনুষ্ঠানটি সুন্দর ভাবে অনুষ্ঠিত হতে পারে। সকলকে বুঝতে হবে সবাই সমান তাই আলাদা প্লাটফর্ম বলে কিছু নেই। ইঞ্জি মোঃ আনাম হোসেন সভায় উপস্থিত সকলের সামনে সমিতির বর্ষবরণ অনুষ্ঠান সূচী তুলে ধরেন।

৮.০ **অফিস স্টাফদের বেতন বৃদ্ধি সম্পর্কে সিদ্ধান্ত :**

পরবর্তী এজেন্ডা অফিস স্টাফদের বেতন বৃদ্ধির ব্যাপারে সিদ্ধান্ত। আলহাজ্ব আনোয়ারুল আজিম বললেন বেতন বৃদ্ধি হবে বছরে একবার হয় জানুয়ারী অথবা জুলাই মাসে। বেতন বৃদ্ধির একটি হার থাকতে হবে। ট্রেজারার সাহেব বলেন যে, এটা বেতন বৃদ্ধি না,এটি হচ্ছে পদোন্নতি, গ্রেড পরিবর্তন। সভাপতি মহোদয় বললেন যে, সাব কমিটি সিদ্ধান্ত নিক, এটা কি বাৎসারিক বেতন বৃদ্ধি নাকি গ্রেড পরিবর্তন বা পদোন্নতি? ইঞ্জিঃ মুহাম্মদ আজহারুল ইসলাম বলেন এটা বাৎসরিক বেতন বৃদ্ধিই, তারা এটাই চাচ্ছেন। ট্রেজারার সাহেব বললেন তাদের প্রস্তাবনা বাৎসরিক বেতন বৃদ্ধি নয়, কারণ সাব কমিটি বিল কালেক্টরদের বেতন ১০০০০/- টাকার স্কেল থেকে ১২০০০/- টাকায় বৃদ্ধির প্রস্তাব করেছেন। জনাব ইঞ্জিঃ মুহাম্মদ আজহারুল ইসলাম বললেন এমন একটি প্রস্তাব প্রশাসনিক সাব-কমিটিতে পাঠানো হয়েছে, প্রশাসনিক সাব কমিটি সিদ্ধান্ত নিলেইতো সমস্যার সমাধান হয়ে যায়। সভায় উপস্থিত সদস্যগণ সিদ্ধান্ত নেন যে, প্রত্যেক ষ্টাফ কি বেতনে তাদের চাকুরী শুরু করেছে, এই মুহূর্তে প্রতি মাসে কি বেতন ও সুবিধা পাচ্ছে আর সুবিধাসমূহ বৃদ্ধি করে কি দেওয়া যায় তার প্রস্তাব সাব কমিটির সুপারিশসহ আগামী নির্বাহী কমিটির সভায় উপস্থাপন করতে হবে, বর্তমানে প্রাপ্ত বেতন ও প্রস্তাবিত বেতন সুপারিশসহ সাব-কমিটিতে আসতে হবে। সভাপতি মহোদয় বললেন একটি সভা করে এটার ব্যাপারে সিদ্ধান্ত প্রস্তাব আকারে ইসি সভায় পাঠাবেন। যা সিদ্ধান্ত আকারে পাশ হবে।

৯.০ **সমিতির নিবন্ধনের বকেয়া অর্থ পরিশোধ সম্পর্কে আলোচনা ঃ**

হিসাবরক্ষক জানান নিবন্ধনের জন্য প্রদানকৃত টাকার পরিমান ২.২৫ লক্ষ টাকা। নিবন্ধনের কাজে অপরাগতা প্রকাশ করায় উকিল সাহেব ১ লক্ষ টাকা ফেরৎ দিয়েছেন। সভাপতি সাহেব জানান এই টাকা ছাড়াও ব্যক্তিগত তহবিল থেকে জনাব কায়ছারুল ইসলাম দিয়েছিলেন ১ লক্ষ টাকা ও তিনি নিজে দিয়েছিলেন অর্থ লক্ষ টাকা। আজ এখানে এই প্রসঙ্গটি আনার উদ্দেশ্য হলো জনাব কায়ছারুল ইসলাম উনার টাকাটা

নিরাপত্তা কমান্ডার ঃ০১৯২২১১৫৯০১,বর্জ্য অপসারণ০১৯২২১১৫৯০৬, হিসাব রক্ষকঃ ০১৯২২১১৫৯০৭, হিসাব সহকারী ০১৯২২১১৫৯০৮, অফিস সহকারী ০১৯২২১১৫৯০৩, বিল কালেক্টরঃ ০১৯২২১১৫৯০৯, ০১৯২২১১৫৯১০, ০১৯২২১১৫৯১১, ০১৯২২১১৫৯১২, কল সেন্টার ঃ ০৯৬৬৬৭৭৭২২২, E-mail:ukss490@gmail.com, www.facebook.com/uttara kallyan samity sector-4. www.uks4.org

উত্তরা কল্যাণ সমিতি সেক্টর-৪
সড়ক নং-৬/এ, উত্তরা মডেল টাউন ঢাকা।
সভাপতি ঃ মেজর (অবঃ) আনিছুর রহমান, সাধারণ সম্পাদক ঃ কামাল হোসেন

চেয়েছেন। টাকাটা ফেরৎ দিতে হবে। জনাব আজিম ব্যক্তিগত ও সমিতির টাকা মিলিয়ে মোট ২.৭৫ লক্ষ টাকা পেয়েছেন। নিবন্ধন চূড়ান্ত করতে হলে আরও টাকার দরকার হবে। এটা নিয়ে জনাব গনি সাহেবের সাথে আলোচনা হয়েছে, উনি জনাব আজিমকে বলেছেন আপনারা ৩.০ লক্ষ টাকা হিসাবে রাখেন অন্যথায় কাজটি হবে না। কর্ণেল হোসেন এই ব্যাপারে একমত হন। যেহেতু এটা ত্রিপক্ষীয় সমস্যা যদিও সভাপতি সাহেব বলেছিলেন **নিবন্ধন যে নামেই হোক তাতে সবাই রাজি আছি,** কিন্তু সেটাতো রব সাহেব মানবেন না। যদি সুলতান সাহেবের নামে নিবন্ধন হয়, রব সাহেব সেটাও মানবেন না। সমাজ কল্যাণ এবং হাইকোর্টে ও আলাপ করলে, হাইকোর্ট বলে দিয়েছেন আপনারা আপোসে সমাধান করে ফেলেন। তারাতো সিদ্ধান্ত দিয়ে ফেলেছে। নতুন আর কোনো সিদ্ধান্ত হাইকোর্ট দিবে না। এমনকি যদি জয়েন্ট ষ্টক কোম্পানি থেকে যেকোনো নামে একটি নিবন্ধন নিয়ে আসা হয় সেটাও রব সাহেব কোর্টে গিয়ে ষ্টে করিয়ে দিবেন তাই এটার কোনো সমাধান আসলে নেই।

নিরাপত্তা কমান্ডার ঃ০১৯২২১১৫৯০১,বর্জ্য অপসারণ০১৯২২১১৫৯০৬, হিসাব রক্ষকঃ ০১৯২২১১৫৯০৭, হিসাব সহকারী ০১৯২২১১৫৯০৮, অফিস সহকারী ০১৯২২১১৫৯০৩, বিল কালেক্টরঃ ০১৯২২১১৫৯০৯, ০১৯২২১১৫৯১০, ০১৯২২১১৫৯১১, ০১৯২২১১৫৯১২, কল সেন্টার ঃ ০৯৬৬৬৭৭৭২২২, E-mail:ukss490@gmail.com, www.facebook.com/uttara kallyan samity sector-4. www.uks4.org

উত্তরা কল্যাণ সমিতি সেক্টর-৪
সড়ক নং-৬/এ, উত্তরা মডেল টাউন ঢাকা।
সভাপতি ঃ মেজর (অবঃ) আনিছুর রহমান, সাধারণ সম্পাদক ঃ কামাল হোসেন

সাহেব সহ গিয়েছিলেন রাজউক উত্তরা অফিসের উপ-পরিচালক মোঃ ইলিয়াস মোল্লা সাহেবের কাছে। উপ-পরিচালক তাদেরকে বলেছেন কাজের এস্টিমেট হয়ে গেছে ১৮ লক্ষ টাকা, এবং এরই মধ্যে টেন্ডার হয়ে গেলে কাজ শুরু হয়ে যাবে।

তথ্য হালনাগাদ করণের ব্যাপারে জনাব আ.ক.ম আবদুর রহমান মিয়ার প্রশ্নের জবাবে ইঞ্জিঃ মোঃ আনাম হোসেন সভামন্ডলীকে চলমান অবস্থা অবহিত করেন এবং বলেন যে, তথ্য হালনাগাদের প্রক্রিয়া চলমান আছে। লোকে তথ্য হালনাগাদের ফরম নিচ্ছেন আর তা পূরণ করে অফিসে জমা দিয়ে যাচ্ছেন। এ পর্যন্ত প্রায় ৪০ জন সদস্যের তথ্য আমরা পাওয়া গেছে।

আগের সভায় আলোচিত কিন্তু অসমাপ্ত আলোচনার বিষয়বস্তু পরের সভায় আনার ব্যাপারে প্রস্তাব করেন ড. নিলুফা ইসলাম। তিনি বলেন অন্যথায় এই বিষয়বস্তুগুলো একসময় আলোচনার টেবিলে না থেকে হারিয়ে যাবে। একটি হ্যান্ড মাইক কেনা হয়েছে জেনে তিনি সন্তোষ প্রকাশ করেন।

ইঞ্জিঃ মুহাম্মদ আজহারুল ইসলাম সবার দৃষ্টি আকর্ষণ করেন ফুয়েল বাবদ কেন ৩৫০০/- টাকা খরচ হয়। হিসাবরক্ষক বলেন যে নিরাপত্তা কমান্ডারের মোটর সাইকেলের পেট্রোল বাবদ ৫০০/- টাকা ও ব্যারাকে এলপি গ্যাসের জ্বালানী খরচ বাবদ মাসে ৩০০০/- সাবসিডি দেয়া হয়।

সভাপতি মহোদয় দেখতে বললেন যে, আমরা ১.৩০ লক্ষ টাকা দিয়ে ফটোকপি মেশিন কিনলাম তাতে সমিতির লাভ হলো না ক্ষতি হলো। কোষাধ্যক্ষ বললেন যে পরবর্তী সভায় তিনি এর বিস্তারিত ব্যাখ্যা দিবেন।

আর কোনো বিষয়ে আলোচনা না করার সিদ্ধান্ত নিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।

ধন্যবাদান্তে

সাধারণ সম্পাদকের পক্ষে

মোঃ সাব্বির আহমেদ
সহ-সাধারণ সম্পাদক
উত্তরা কল্যাণ সমিতি সেক্টর-৪
বিতরণঃ

১. নির্বাহী কমিটির সকল সদস্য।
২. অফিস কপি।

নিরাপত্তা কমান্ডার ঃ০১৯২২১১৫৯০১,বর্জ্য অপসারণ০১৯২২১১৫৯০৬, হিসাব রক্ষকঃ ০১৯২২১১৫৯০৭, হিসাব সহকারী ০১৯২২১১৫৯০৮, অফিস সহকারী ০১৯২২১১৫৯০৩, বিল কালেক্টরঃ ০১৯২২১১৫৯০৯, ০১৯২২১১৫৯১০, ০১৯২২১১৫৯১১, ০১৯২২১১৫৯১২, কল সেন্টার ঃ ০৯৬৬৬৭৭৭২২২, E-mail:ukss490@gmail.com, www.facebook.com/uttara kallyan samity sector-4. www.uks4.org